

**বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়া শাখা অস্ট্রেলিয়ার ফেডারেল
পার্লামেন্টের বিরোধী দলীয় উপ-নেতা জুলী বিশফ এমপির নিকট স্মারকলিপি পেশ**

মোরশেদ, সিডনি থেকে

১৯শে জুন শুক্রবার ২০০৯ সিডনিতে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়া সভাপতি মোসলেহউদ্দিন আরিফের নেতৃত্বে একটি প্রতিনিধি দল অস্ট্রেলিয়া ফেডারেল পার্লামেন্টের বিরোধী দলীয় উপ-নেতা জুলী বিশফ এমপির সাথে বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে পিলখানা হত্যাকাণ্ডের অজুহাতে সাজানো মামলায় গ্রেফতারকৃত প্রাক্তন ছাত্রদল নেতা ও প্রাক্তন সাংসদ নাসিরউদ্দিন পিন্টু, প্রাক্তন ডেপুটি স্পীকার আখতার হামিদ সিদ্দিকীর মুক্তি ও সংসদে বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়ার বাসভবন নিয়ে চক্রান্ত ও তার নিরাপত্তা প্রত্যাহার, এশিয়ান হাইওয়ে সহ বাংলাদেশের বর্তমান সার্বিক অবস্থা তুলে ধরে ফেডারেল পার্লামেন্টের বিরোধী দলীয় উপ-নেতা বরাবরে একটি স্মারকলিপি হস্তান্তর করা হয়।



স্মারকলিপিতে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বিরোধী দলীয় নেত্রী বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বসতবাড়ীর বরাদ্দ বাতিলের সরকারী হঠকারী মূলক সিদ্ধান্ত অবিলম্বে বাতিল ও তার নিরাপত্তা প্রত্যাহার, এশিয়ান হাইওয়ে সহ, শিক্ষাঙ্গন সহ সমগ্র দেশব্যাপী সরকার দলীয় শ্বেত সন্ত্রাস ও বিএনপি সহ সকল বিরোধী দলীয় নেতা-কর্মীর উপর নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বন্ধ, সম্প্রতি বিডিআর এ যে

হত্যাকাণ্ড সংগঠিত হয়েছে তার সুষ্ঠু নিরপেক্ষ তদন্ত ও বিচার এবং দেশের আইন শৃংখলা নিয়ন্ত্রনের ব্যর্থতার জন্যে স্বরাষ্ট্র মন্ত্রী সাহারা খাতুনকে বরখাস্ত, প্রাক্তন ডেপুটি স্পীকার আখতার হামিদ সিদ্দিকীসহ গ্রেফতারকৃত সকল বিরোধী দলীয় নেতা-কর্মীদের অবিলম্বে মুক্তি এবং সকল মিথ্যা ষড়যন্ত্রমূলক মামলা প্রত্যাহার, ভারতীয় কর্তৃপক্ষ কর্তৃক সকল আন্তর্জাতিক নিয়ম ভঙ্গ করে বাংলাদেশকে মরুভূমি করার চক্রান্তে বর্তমান দেশ বিরোধী আওয়ামী সরকারের কারসাজিতে ‘টিপাই নদী’ মুখে বাধ নির্মাণ প্রকল্পের বিরোধিতা করে এবং ২০০৮ এর নীল নকশার নির্বাচনের মাধ্যমে ক্ষমতাসীন বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারকে দেশের আইন শৃংখলা নিয়ন্ত্রনের ব্যর্থতা, বিরোধী দলীয় রাজনীতিবিদদের উপর অমানবিক নির্যাতন ও দেশের জনগনের জানমালের নিরাপত্তা প্রদানে ব্যর্থতার দায়ভার স্বীকার করে অবিলম্বে পদত্যাগ করতে হবে এবং অনতিবিলম্বে সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করতে হবে।

আরো যারা উপস্থিত ছিলেন তাদের মধ্যে ছাত্রদল অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সুমন, সিনিয়র সহ-সভাপতি এএনএম মাসুম, সহ-সভাপতি ওমর ফারুক, ফারুক হোসেন, যুগ্ম সম্পাদক সালাউদ্দিন মানিক, নিউ সাউথ ওয়েলস ছাত্রদলের সভাপতি হাসান আল মামুন ও সাধারণ সম্পাদক মোস্তফা মোরশেদ নিখুন, কাজী হাসান, মাজনুন হাবিব রনি, প্রচার সম্পাদক আরফিন রোমিও, ওয়াজিয়া শারমীন, জাহাঙ্গীর হোসেন, আব্দুর রহিম, সজিব আহমেদ, সর্দার মো: খালেদ অন্যতম।